# শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট

## শ্রেণি - তৃতীয়
## বিষয় - বাংলা
## কবিতা – সমব্যথী (প্রথম অংশ)
## কবি – রবীন্দ্রনাথ ঠাকুর
## বিষয়বস্তুর প্রকৃতি – শিশুভাবনা মূলক

সমব্যথী কবিতার নামকরণের দিকে তাকালে দেখব সম শব্দের অর্থ সমান এবং ব্যথী শব্দের অর্থ ব্যথা পেয়েছে যে। অর্থাৎ সমব্যথী বলতে বুঝি যে অপরের ব্যথায় বা কষ্টে সমানভাবে কষ্ট বা ব্যথা পেয়েছে। শিশু মনের বৈশিষ্ট্য চারটি – কল্পনাপ্রবণতা, কৌতূহল প্রবণতা, স্বাধীনচেতা ও ভালো লাগাই শিশু মনের শেষ কথা। সমব্যথী কবিতায় এই চারটি বৈশিষ্ট্যই প্রকাশ পেয়েছে। কবিতাটিতে একটি ছোটো শিশু কল্পনা করেছে সে যদি খোকা না হয়ে কুকুরছানা ও টিয়াপাখি হতো, তাহলে তার মা তার সাথে কেমন ব্যবহার করতো– তাকে দূর দূর করে তাড়িয়ে দিত অথবা শিকলে বন্দী করে রাখত। মায়ের এই ব্যবহারে খোকা কষ্ট পেয়ে, মায়ের প্রতি অভিমান করে মায়ের হাতে ও পাতে খেতে চায় না, বনে চলে যেতে চায়।

প্রশ্নগুলির উত্তর দাও :-

1) 'আমি হতেম কুকুরছানা' –

ক) কবিতাটিতে কে কুকুরছানা হতে চেয়েছে?

উঃ) 'সমব্যথী' কবিতায় খোকা কুকুরছানা হতে চেয়েছে।

2) খোকা যদি কুকুরছানা হতো তবে মা তার সাথে কেমন ব্যবহার করত বলে সে মনে করে?

উঃ) খোকা যদি কুকুরছানা হয়ে তার মায়ের ভাতে ও পাতে মুখ দিতে যেত, তাহলে মা তাকে দূর দূর করে তাড়িয়ে দিতেন বলে খোকা মনে করে।

3) "আমি খাব না ................তোর পাতে"–

ক) উক্তিটি কে, কাকে বলেছে?

খ) বক্তা কেন মায়ের হাতে ও পাতে খেতে চায় না?

গ) পংক্তি দুটির মধ্যে দিয়ে শিশু ভাবনার কোন দিক প্রকাশ পেয়েছে?

ক) উঃ) উক্তিটি রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা 'সমব্যথী' কবিতায় খোকা তার মাকে বলেছে।

খ) উঃ) কুকুরছানা খোকার বন্ধু, তার খেলার সাথী। কুকুরছানার প্রতি কোনো অবহেলা সে সহ্য করতে পারে না। তাই সে যখন কল্পনায় কুকুরছানা হয়ে তার মায়ের খাওয়ার পাতে মুখ দিতে চায়, তখন মা তাকে দূর দূর করে তাড়িয়ে দেন। খোকার অবুঝ মন মায়ের সেই ব্যবহারে কষ্ট পায়, ব্যথা পায়। তাই মায়ের প্রতি অভিমান করে সে মায়ের হাতে ও পাতে খেতে চায় না।

গ) উঃ) পংক্তি দুটির মধ্য দিয়ে শিশু ভাবনার স্বাধীনচেতা ও ভালোলাগাই শেষ কথা এই দুটি দিক প্রকাশ পেয়েছে।

**H/W –** কবিতাটি মুখস্থ করবে, বই থেকে কবি-পরিচিতি ও শব্দার্থ পড়বে।

**বিঃদ্রঃ**

- **ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য Comment Box- এ পাঠাও।**
- **নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।**
- **আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।**